মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় কৃষক নিহত

মেহেরপুর শহরের নতুন পাড়া মোড়ে ভূমি অফিসের সামনে ট্রলির ধাক্কায় মজারুল মন্ডল নামের এক কৃষক নিহত হয়েছে। শুক্রবার সকাল সাড়ে দশটার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত মজারুল মন্ডল সদর উপজেলার পিরোজপুর গ্রামের আক্তারুল মন্ডলের ছেলে।

পুলিশ জানায়, সকালে বাইসাইকেল যোগে গ্রাম থেকে কৃষক মুজারুল মন্ডল মেহেরপুর শহরে আসার পথে নতুন পাড়া ভূমি অফিসের সামনে পৌঁছালে পিছন থেকে দ্রুতগামী একটি ট্রলি তাকে ধাক্কা দিলে সড়কের উপরে ছিটকে পড়ে। এ সময় স্থানীয়রা তাকে আহত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম জানান, খবর পেয়ে সদর থানা পুলিশ হাসপাতাল থেকে লাশ উদ্ধার করেছে। পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ঘটনার পর থেকে ঘাতক ট্রলি ও চালক পলাতক রয়েছে।

আলমডাঙ্গায় বাসের সঙ্গে আলমসাধুর সংঘর্ষ, নিহত ১

আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়ায় যাত্রীবাহি বাস ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে ১ জন নিহত হয়েছে। স্থানীয়রা উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

সোমবার (২১ নভেম্বর) দুপুর ২ টার দিকে এ দুর্ঘটনাটি ঘটে। খবর পেয়ে হাটবোয়ালিয়া ফাঁড়িপুলিশ লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করে।

নিহত আলমসাধু চালক জিন্নাত আলী গাংনী ইউনিয়নের নান্দবার গ্রামের

মৃত রতন শেখের ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের নান্দবার গ্রামের মৃত রতন শেখের ছেলে জিন্নাত আলী। সে সোমবার দুপুরে আসমানখালী বাজার থেকে হাটবোয়ালিয়ায় যাচ্ছিলো।

এসময় চুয়াডাঙ্গা থেকে আসা দ্রুতগামী যাত্রীবাহি বাস আলমসাধু গাড়ির পিছনে ধাক্কা দেয়। নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি রাস্তার পাশে খাদে পড়ে সে গুরুতর আহত হয় । স্থানীয়রা উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় শিশু ও নারীসহ ৫ জন আহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী বনবিভাগপাড়া এলাকায় কুকুরের সাথে পাখি ভ্যানের ধাক্কায় শিশু ও নারীসহ ৫জন আহত হয়েছেন।

আহতদের মধ্যে ১ জন কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ও ৪ জনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন, গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের জামিরুল ইসলামের স্ত্রী লাইলী খাতুন (৪৫), তার ছেলে মোরছালিন (৪), গজাড়িয়া হেমায়েতপুর গ্রামের আইনাল হকের স্ত্রী রুপা খাতুন (৩৪) তার মেয়ে ইরিন খাতুন (১৪) ও একই উপজেলার বাদিয়াপাড়া গ্রামের আসাদুজ্জামানের স্ত্রী নিলা খাতুন (৫৫)।

আজ রবিবার (৬ অক্টোবর) বেলা ১১ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা শহরের বনবিভাগপাড়া এলাকায় কুকুরের সাথে পাখি ভ্যানের ধাক্কায় রাস্তার উপর ভ্যানটি উল্টে গেলে তারা আাহত হন।

আহতদের মধ্যে নিলা খাতুনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত ইরিন খাতুন বলেন, তারা পাখি ভ্যানে চড়ে তার এক আত্মীয়কে

দেখতে মেহেরপুর জেনারেল হাসপাতালে যাচ্ছিলাম। গাংনী বনবিভাগ পাড়া এলাকায় একটি কুকুর রাস্তা পার হচ্ছিল। পাখি ভ্যানটি তার শরীরের উপরে চলে গেলে ভ্যাসনি উল্টে গিয়ে তারা আহত হন।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

মেহেরপুরে পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় ৭ জন আহত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের বারাদীতে আলমসাধু ও মোটরাসাইকেলের সাথে সংঘর্ষে তিন জন আহত হয়েছেন। আহতরা হলেন বারাদী গ্রামের মজিবুর রহমান (৫০), সাদু মিয়া (৬৫) ও মোমিনপুর গ্রামের আফজাল আলী (৬৫)।

স্থানীয়দের সহযোগিতায় দমকলকর্মীরা এদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেছেন। এসময় আলগামনে থাকা মাছ রাস্তার উপর ছিটকে পড়ে এক মাছ ব্যবসায়ীর প্রচুর ক্ষতি হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) সকাল ৮ টার দিকে বারাদী নামক স্থানে এই সড়ক দুর্ঘটনা ঘটে।

অপর দিকে বুধবার দিবাগত রাতে গাংনী-কাথুলি সড়কের চৌগাছা পশ্চিম পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে এক সড়ক দুর্ঘটনায় প্রায় ৭ জন আহত হয়েছেন।

আহতের মধ্যে রয়েছেন, , চৌগাছা গ্রামের পারভেজ হোসেন (১৫), লিখন (১৬), হৃদয় হোসেন (১৫), আলগামন চালক আহসান আলী (৪০) ও হাসিবুল ইসলাম (২২), আলী হোসেন (২৪) ও মাসুম হোসেন (৩৪)। ভ্যানকে সাইড দিতে গিয়ে আলগামনটি রাস্তার উপর উল্টে পড়লে এ সড়ক দুর্ঘটনা ঘটে। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[

রনির মৃত্যু

মেহেরপুরের আমঝুপিতে সড়ক দুর্ঘটনায় আহত মাদ্রাসা ছাত্র রনি চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে। শুক্রবার ভোর রাতের দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতলে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় রনি।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

বৃহস্পতিবার দুপুরের দিকে নিহত রনি ক্লাসের সমাপনী পরীক্ষা শেষে তার বন্ধু খোকসা গ্রামের জাহিদের ছেলে তৌফিক এলাহীর(১৭) এর সাথে মোটরসাইকেল যোগে বাড়ি ফিরছিলেন।

মেহেরপুর-চুয়াডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের এআরবি কলেজ ও মানব উন্নয়ন কেন্দ্রের মাঝখানে মোটরসাইকেল ও প্রাইভেট কারের মুখোমুখি সংঘর্ষে তৌফিক এলাহী ও রনি আহত হন। তাদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখান থেকে রনিকে ঢাকা মেডিকেলে রেফার্ড করেন চিকিৎসক।

নিহত রনি মেহেরপুর সদর উপজেলার বসন্তপুর গ্রামের ইয়ারুল ইসলামের ছেলে ও আমঝুপি আলিম মাদ্রাসার দশম শ্রেণীর ছাত্র।

ঢাকা মেডিকেল হাসপাতলে চিকিৎসাধীন অবস্থায় ভোররাতের দিকে রনি‘র মৃত্যু হয়।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ৪ ছাত্র আহত

মেহেরপুর সদর উপজেলায় পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় ৪ ছাত্র আহত হয়েছেন। আহতদের মধ্যে একজনের অবস্থা আশংকাজনক।

আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার বসন্তপুর গ্রামের ইয়ারুল ইসলামের ছেলে রনি হোসেন (১৭) ও খোকসা শেখপাড়া এলাকার জাহিদ

হোসেনের ছেলে তৌফিক এলাহী (১৮)। এরা দুজনেই আমঝুপি আলিম মাদ্রাসার ১০ম শ্রেনীর ছাত্র।
এছাড়া অপর দুজন হলেন, গাংনী উপজেলা শহরের উত্তরপাড়া এলাকার মাহাবুব হোসেনের ছেলে তারেক হাসান (২৫) ও আব্দুল আলীমের ছেলে চঞ্চল হোসেন (২৪)।

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের আদুরে মাদরাসা ছাত্র রনি ও তৌফিক এলাহী মাইক্রোবাসের সাথে মোটরসাইকেলের ধাক্কায় এবং মেহেরপুর-কুষ্টিয়া সড়কের আলমপুর নামক স্থানে ট্রাকের সাথে মোটরসাইকেলের ধাক্কায় আহত হয়েছে।

আহতদের মধ্যে রনি’র অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। বাকী তিনজনকে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি রাখা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২০ অক্টোবর) বেলা তিটার দিকে পৃথক স্থানে সড়ক দুর্ঘটনা দুটি ঘটে।

স্থানীয়রা জানান, রনি ও তৌফিক এলাহী মোটরসাইকেল যোগে আমঝুপি থেকে বারাদী যাচ্ছিলেন। আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের আদুরে একটি মাইক্রোবাস ব্যাক ঘুরছিলো। এসময় তারা নিয়ন্ত্রণ ঠিক রাখতে না পেরে মাইক্রোবাসটিকে ধাক্কা মেরে রাস্তার উপর ছিটকে পড়ে। স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে।

অপরদিকে মেহেরপুর সদর উপজেলার আলমপুর ব্রীজের কাছে বিপরিত দিক থেকে আসা একটি ট্রাকের সাথে মুখোমুখি ধাক্কায় আহত হয় চঞ্চল হোসেন ও তারেক। তাদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় নিহত ১

ঝিনাইদহের শৈলমারী নামক স্থানে সড়ক দুর্ঘটনায় এক মোটরসাইকেল আরোহীর মৃত্যু হয়েছে।

শনিবার (১৫ অক্টোবর) সকাল ১১টার দিকে এ ঘটনা ঘটে। মৃত শ্রী শংকর উপজেলার ধোপাবিলা গ্রামের বাসিন্দা ।

এলাকাবাসী সূত্রে জানা যায়, সকালে ধোপাবিলা গ্রামের বাড়ি থেকে মোটরসাইকেলযোগে শৈলমারী বাজারে যাচ্ছিল শ্রী শংকর। পথিমধ্যে বাজারের কাছে এসে নিয়ন্ত্রণ হারিয়ে সামনের দিক থেকে আসা একটি গরুর গাড়ির চাকার নিচে চাপা পড়ে। সে সময় তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের সাব-স্টেশন অফিসার আব্দুর রউফ মোল্লা জানান, আমরা খবর পেয়ে ভিকটিমকে উদ্ধার করি । মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গরুর গাড়ির নিচে চলে যায় শংকরের। পরে সদর হাসপাতালে আনা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন ।

গাংনীতে পাখিভ্যান উল্টে মুরগী ব্যবসায়ী নিহত

মেহেরপুরের গাংনীতে শ্যালো ইঞ্জিনচালিত পাখিভ্যান উল্টে ইব্রাহিম জোয়ার্দার (৫০) নামের এক মুরগী ব্যবসায়ী নিহত হয়েছেন। এসময় তার ছেলে ইসরাফিল হোসেন (২০) আহত হয়।

শুক্রবার ভোর সাড়ে ৫টার দিকে উপজেলার আড়পাড়া-কড়ুইগাছি সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইব্রাহিম গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া গ্রামের মৃত ইসমাইল জোয়ার্দারের ছেলে।

স্থানীয় মুরগী ব্যবসায়ী নাজিম হোসেন জানান,শুক্রবার ভোরে

ইব্রাহিম জোয়ার্দার ও তার ছেলে নিজেস্ব পাখিভ্যানযোগে নিজ গ্রাম থেকে আড়পাড়া গ্রাম হয়ে কড়ুইগাছি গ্রামের দিকে মুরগী কেনার জন্য যাচ্ছিলেন। ভ্যান চালাচ্ছিল তার ছেলে ইসরাফিল। আমিও পাশাপাশি আরেকটা (বিকল্প) রাস্তা দিয়ে মুরগী কেনার জন্য একই স্থানে যাচ্ছিলাম। ইব্রাহিম ও তার ছেলে গাড়ি নিয়ে অত্যন্ত দ্রুত যাচ্ছিলেন। তারা বড় বামন্দী গ্রামের কাছাকাছি পৌঁছালে নিয়ন্ত্রণ হারালে গাড়ীত উল্টে রাস্তার পাশে পড়ে। এসময় ইব্রাহিম ঘটনাস্থলেই নিহত হয়। আহত হয় তার ছেলে ইসরাফিল।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় কিশোর নিহত

মেহেরপুর সদর উপজেলার বারাদিতে মোটরসাইকেল দুর্ঘটনায় রাব্বী আহম্মেদ (১৬) নামের এক কিশোর নিহত হয়েছে। এবং রানা ও আলী হোসেন নামের অপর দুই কিশোর আহত হয়েছেন।

বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টার দিকে মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের বারাদি পল্লী বিদ্যুৎ কেন্দ্রের সামনে এই দুর্ঘটনা ঘটে।

নিহত রাব্বী আহম্মেদ রাজনগর গ্রামের আজিবার রহমানের ছেলে। এছাড়া আহত রানা হোসেন একই গ্রামের মনিরুল ইসলাম ও আলী হোসেন আনারুল ইসলামের ছেলে।

আহত রানা জানান, রাজনগর থেকে মোটরসাইকেল যোগে বারাদী বাজারে যাচ্ছিলাম। বারাদি ও রাজনগরের মাঠের মধ্যে নতুন পল্লী বিদ্যুৎ উপ কেন্দ্রের সামনে পৌছানো মাত্র পল্লী বিদ্যুতের একটি ট্রাক ডানে মোড়ে নিলে আমাদের মোটরসাইকেলটির সাথে ধাক্কা লাগে। এতে আমরা রাস্তার উপর ছিটকে পড়ে আহত হই। স্থানীয়রা উদ্ধার করে মেহেরপুর

২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক রাব্বী আহম্মেদকে মৃত ঘোষণা করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম

বলেন, নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে।